grey matter pr

**PRESS CLIP**

==================================================================

**Publication:-** Ibgnews.com

(https://ibgnews.com/2020/05/19/%e0%a6%aa%e0%a7%8d%e0%a6%b0%e0%a6%a4%e0%a6%bf%e0%a6%b7%e0%a7%8d%e0%a6%a0%e0%a6%be%e0%a6%a8%e0%a7%87%e0%a6%b0-%e0%a6%a6%e0%a7%8d%e0%a6%ac%e0%a6%bf%e0%a6%a4%e0%a7%80%e0%a7%9f-%e0%a6%8f/)

**Date: -** 19th May 2020

**Page :-**Online

**Article:-** Guru Nanak Institute of Technology, Flagship college of JIS Group starts online internship for its Second and Third Year students

**Headline:-** Prothisthaner dithiyo ebong tritiyo borsher paruader janno online internship chalu korlo Guru Nanak Institute of Technology.

Bangla Literature Probasi Sera News

# প্রতিষ্ঠানের দ্বিতীয় এবং তৃতীয় বর্ষের পড়ুয়াদের জন্য অনলাইন ইন্টার্নশিপ চালু করল গুরু নানক ইন্সটিটিউট অফ টেকনোলজি

By **Suman Munshi** - May 19, 2020 504 0



Suman Munshi Chief Editor IBG NEWS with Mr Taranjit Singh MD JIS University

**প্রতিষ্ঠানের দ্বিতীয় এবং তৃতীয় বর্ষের পড়ুয়াদের জন্য অনলাইন ইন্টার্নশিপ চালু করল গুরু নানক ইন্স টিটিউট অফ টেকনোলজি**

**১৯ মে, কলকাতা:**

লকডাউনের অষ্টম সপ্তাহ চলছে। তার প্রভাব সব ক্ষেত্রেই পড়েছে
নিজেদের কাজকর্ম চালিয়ে যেতে বিভিন্ন প্রতিষ্ঠান কাজের ধরনে বেশ কিছু বদল এনেছে।
বাদ যায়নি শিক্ষাক্ষেত্রও। লেখাপড়ার চর্চা নিয়মিত রাখতে সেখানে উল্লেখযোগ্য কিছু পরিবর্তন এসেছে।

জেআইএস গোষ্ঠীর গুরু নানক ইন্সটিটিউট অফ টেকনোলজি (জিএনআইটি) পড়ুয়াদের ইন্টার্নশিপের ব্যাপারে তৎপর। তাই এই কঠিন পরিস্থিতির মধ্যেও তারা পড়ুয়াদের জন্য সেই সুযোগ খুলে দিয়েছে।
যাতায়াতে বিধিনিষেধ থাকায় অনলাইন ইন্টার্নশিপের ব্যবস্থা করেছে জিএনআইটি।

জেআইএস গ্রুপের অধিকর্তা সিমরপ্রীত সিং বলেন, 'জিএনআইটি–
এর দ্বিতীয় এবং তৃতীয় বর্ষের পড়ুয়াদের জন্য অনলাইন ইন্টার্নশিপের ব্যবস্থা করা হয়েছে।
১৩৭৩ জন পড়ুয়া সেই সুযোগ পাচ্ছেন। এই কাজে 'ইন্টার্নশালা'র সাহায্য নেওয়া হয়েছে।
এটি ইন্টার্নশিপ এবং প্রশিক্ষণ দেওয়ার জন্য দেশের অন্যতম সেরা একটি মঞ্চ।
ইঞ্জিনিয়ারিং, এমবিএ, আইন, মিডিয়া,কলার মতো ক্ষেত্রে ইন্টার্নশিপের সুযোগ রয়েছে।
সেখান থেকে পড়ুয়ারা অর্থ উপার্জনের সুযোগও পান|

৪০ হাজারেরও বেশি পড়ুয়া সেখান থেকে ইন্টার্নশিপে যুক্ত। উপার্জনের অঙ্কও নেহাত কম নয়
মাসে ৪ হাজার টাকা থেকে ৩৫ হাজার টাকা পর্যন্ত উপার্জনের সুযোগ রয়েছে|
আমাদের পড়ুয়াদের মধ্যে অনেকে ক্যাপজেমিনি, আইটিসি ইনফোটেকের মতো বড় প্রতিষ্ঠানে ইন্টার্নশিপ কর ছেন।'

গুরু নানক ইন্সটিটিউট অফ টেকনোলজির অধ্যক্ষ ড. শান্তনুকুমার সেন বলেন,
'অনলাইন ইন্টার্নশিপের সুযোগ একটি নতুন দিগন্ত খুলে দিয়েছে। এটা একটা বড়সড় সুযোগ।
পড়ুয়ারা বেশ উৎসাহ পেয়েছেন। এবং তাঁদের মধ্যে একটি ইতিবাচক বার্তা দেওয়া গিয়েছে।
লকডাউনে তাঁরা শেখার পাশাপাশি বাড়িতে বসে অর্থও উপার্জন করতে পারবেন

বিল্ডিং ড্রিমস ফাউন্ডেশন, ইন্ডিয়া রিডিফাইন্ড, পিএনজি হাব, চৈতন্যম ইন্সিটিটিউট অফ ডেভলপমেন্ট, হামারা পেহচান এনজিও, কনসেপ্ট রিসার্চ মিডিয়া টেক অ্যান্ড ইনফো সলিউশনস প্রাইভেট লিমিটেড, ননডেস্ট্রাক্টিভ টেস্ট অ্যাপ্লায়েন্সেস প্রাইভেট লিমিটেড, মাদারসন অটোমোটিভ, জয় হিন্দ মোটর লিমিটেড, এলিট টেকনো গ্রুপ, অ্যাপ্টসোর্স সফ্টঅয়্যার, চ্যাম্পিয়ন ইনফোমেট্রিক্স প্রাইভেট লিমিটেড, ওয়েরোকো ইনোভেশনস অ্যান্ড স লিউশনের মতো সংস্থায় তাঁরা কাজের সুযোগ পেয়েছেন।'

grey matter pr

**PRESS CLIP**

================================================================

**Publication:-** Thebengalpost.in (https://thebengalpost.in/recent-post/149/)

**Date: -** 22nd May 2020

**Page :-**Online

**Article:-** Guru Nanak Institute of Technology, Flagship college of JIS Group starts online internship for its Second and Third Year students

**Headline:-** Lockdowner madhyay o subarno sujog dichchey GNIT, dithiyo ebong tritiyo borsher paruader janno online internship chalu holo.

# লকডাউনের মধ্যেও সুবর্ণ সুযোগ দিচ্ছে জিএনআইটি, দ্বিতীয় এবং তৃতীয় বর্ষের পড়ুয়াদের জন্য অনলাইন ইন্টার্নশিপ চালু হল

By **admin** - May 22, 2020 1:59 pm



লকডাউনের চতুর্থ পর্ব এবং অষ্টম সপ্তাহ চলছে।তার প্রভাব সব ক্ষেত্রেই পড়েছে।নিজেদের কাজকর্ম চালিয়ে যেতে বিভিন্ন প্রতিষ্ঠান কাজের ধরনে বেশ কিছু বদল এনেছে।বাদ যায়নি শিক্ষাক্ষেত্রও।লেখাপড়ার চর্চা নিয়মিত রাখতে সেখানে উল্লেখযোগ্য কিছু পরিবর্তন এসেছে।

জেআইএস গোষ্ঠীর গুরু নানক ইন্সটিটিউট অফ টেকনোলজি (জিএনআইটি) পড়ুয়াদের ইন্টার্নশিপের ব্যাপারে তৎপর।তাই এই কঠিন পরিস্থিতির মধ্যেও তারা পড়ুয়াদের জন্য সেই সুযোগ খুলে দিয়েছে।যাতায়াতে বিধিনিষেধ থাকায়, অনলাইন ইন্টার্নশিপের ব্যবস্থা করেছে জিএনআইটি।

জেআইএস গ্রুপের অধিকর্তা সিমরপ্রীত সিং বলেন, 'জিএনআইটি-এর দ্বিতীয় এবং তৃতীয় বর্ষের পড়ুয়াদের জন্য অনলাইন ইন্টার্নশিপের ব্যবস্থা করা হয়েছে।১৩৭৩ জন পড়ুয়া সেই সুযোগ পাচ্ছেন।এই কাজে 'ইন্টার্নশালা'র সাহায্য নেওয়া হয়েছে।এটি ইন্টার্নশিপ এবং প্রশিক্ষণ দেওয়ার জন্য দেশের অন্যতম সেরা একটি মঞ্চ। ইঞ্জিনিয়ারিং, এমবিএ, আইন, মিডিয়া, কলার মতো ক্ষেত্রে ইন্টার্নশিপের সুযোগ রয়েছে।সেখান থেকে পড়ুয়ারা অর্থ উপার্জনের সুযোগও পান।৪০ হাজারেরও বেশি পড়ুয়া সেখান থেকে ইন্টার্নশিপে যুক্ত।উপার্জনের অঙ্কও নেহাত কম নয়! মাসে ৪ হাজার টাকা থেকে ৩৫ হাজার টাকা পর্যন্ত উপার্জনের সুযোগ রয়েছে।আমাদের পড়ুয়াদের মধ্যে অনেকে ক্যাপজেমিনি, আইটিসি ইনফোটেকের মতো বড় প্রতিষ্ঠানে ইন্টার্নশিপ করছেন।

গুরু নানক ইন্সটিটিউট অফ টেকনোলজির অধ্যক্ষ ড. শান্তনুকুমার সেন বলেন, 'অনলাইন ইন্টার্নশিপের সুযোগ একটি নতুন দিগন্ত খুলে দিয়েছে।এটা একটা বড়সড় সুযোগ।পড়ুয়ারা বেশ উৎসাহ পেয়েছেন।এবং তাঁদের মধ্যে একটি ইতিবাচক বার্তা দেওয়া গিয়েছে।লকডাউনে তাঁরা শেখার পাশাপাশি বাড়িতে বসে অর্থও উপার্জন করতে পারবেন।বিল্ডিং ড্রিমস ফাউন্ডেশন, ইন্ডিয়া রিডিফাইন্ড, পিএনজি হাব, চৈতন্যম ইন্সিটিটিউট অফ ডেভলপমেন্ট, হামারা পেহচান এনজিও, কনসেপ্ট রিসার্চ মিডিয়া টেক অ্যান্ড ইনফো সলিউশনস প্রাইভেট লিমিটেড, ননডেস্ট্রাক্টিভ টেস্ট অ্যাপ্লায়েন্সেস প্রাইভেট লিমিটেড, মাদারসন অটোমোটিভ, জয় হিন্দ মোটর লিমিটেড, এলিট টেকনো গ্রুপ, অ্যাপ্টসোর্স সফ্টঅয়্যার, চ্যাম্পিয়ন ইনফোমেট্রিক্স প্রাইভেট লিমিটেড, ওয়েরোকো ইনোভেশনস অ্যান্ড সলিউশনের মতো সংস্থায় তাঁরা কাজের সুযোগ পেয়েছেন।